মনেই আছে মনের দাওয়াই



ধরে রাখতে পারেন না মনোযোগ, স্মৃতিও বিশ্বাসঘাতকতা করে? মুশকিল আসানের হদিশ **পরমা দাশগুপ্ত**–র কাছে।

অফিসে পাহাড়প্রমাণ কাজ। শিরে সংক্রান্তি হয়ে মাথার উপরে ঝুলছে ডেডলাইন। এদিকে আপনার যে কিছুতেই কাজে মন বসছে না! দু'লাইন টাইপ করছেন প্রেজেন্টেশনের পাতায়। ব্যস! চোখ চলে যাচ্ছে মোবাইলে। একটা নোটিফিকেশন দেখবেন ভেবে রিল দেখে ফেলছেন চারটে।

সামনেই উচ্চমাধ্যমিক পরীক্ষা। বিপুল সিলেবাস। আপনার মেয়ে এদিকে অর্ধেক জিনিসই মনে রাখতে পারছে না কিছুতেই। ও নিজে তো ভয়-টেনশনে কাঁটা বটেই, আপনারও রাতের ঘুম উড়েছে। রেজাল্ট ভাল না হলে যে ভাল কলেজে, পছন্দের কোর্সে পড়ার সুযোগ হাতছাড়া হয়ে যাবে!

সমস্যাগুলো চেনা লাগছে তো? শুধু আপনার নয়, এসব এখন প্রায় জ্যামিতির স্বতঃসিদ্ধের মতোই। ঘরে ঘরে একই ছবি। অফিসের কাজ, পড়ার চাপ কিংবা রোজগারের চিন্তায় একদিকে মনের মধ্যে জাঁকিয়ে বসা উদ্বেগ। আর অন্যদিকে, প্রযুক্তি, স্মার্টফোন আর সোশ্যাল মিডিয়ার দৌলতে সর্বক্ষণ হরেক কনটেন্ট, হাজারো তথ্যের ভিড় আর স্ক্রোলিংয়ের নেশায় মনোসংযোগের সাড়ে চোদ্দোটা বেজে থাকা।

তাহলে উপায়?

আছে আছে। মনোবিদেরা বলছেন, উপায় আছে আপনার মনের মধ্যেই। মুশকিল আসানে মনটাকে বশে রেখে তাদের খুঁজে বার করতে হবে শুধু। তাহলে কী করবেন?

মিশন মনোসংযোগ

মনোযোগের ঘাটতি আজকাল যে কোনও বয়সেই চেনা সমস্যা। মাথার ভিতর ইনফরমেশন ওভারলোড আর সর্বক্ষণ স্ক্রোলিংয়ের নেশা ধরে গিয়ে কিছুতেই আজকাল বেশিক্ষণ মন টিকতে চায়না। পরিসংখ্যান বলছে গড় হিসেবে অ্যাটেনশন স্প্যান কমতে কমতে পাঁচ সেকেন্ডেরও কমে এসে দাঁড়িয়েছে। কিন্তু পড়াশোনা বা অফিসের কাজে যে মনোযোগ দিতেই হবে! মুশকিল আসান হতে পারে ছোট্ট কয়েকটা অভ্যাস।

- পড়াশোনা বা অফিসের জরুরি কাজের সময়ে চেষ্টা করুন যে কোনও রকম বাধা এড়িয়ে যেতে। সুযোগ থাকলে মোবাইলের নোটিফিকেশন বন্ধ করে রাখুন। ব্যবহার করুন নয়েজ ক্যানসেলিং হেডফোন। এতে আপনার মনোসংযোগে ব্যাঘাত ঘটার আশঙ্কা কমবে অনেকটাই।
- টানা ২৫ মিনিট পড়ুন বা কাজ করুন। তারপরে ৫ মিনিটের বিরতি। ফের বসুন ২৫ মিনিটের জন্য। এভাবেই চলতে থাকুক। এতে আপনার মনোযোগ ঠিকমতো কাজ বা পড়াশোনার দিকে থাকবে।
- যখন কাজে বা পড়তে বসছেন, নিজের লক্ষ্য স্থির করে নিন। মানে আপনি কী করবেন, কতটা করবেন। ঠিক সেটাই মেনে চলুন। এতে ফোকাস ঠিক থাকে।
- এক একবারে একটাই কাজ করুন বা একটাই নির্দিষ্ট বিষয় পড়ুন। দেখবেন, মন দিতে পারছেন বেশি। একসঙ্গে অনেক কিছু করতে গেলে মনোসংযোগে ব্যাঘাত ঘটার প্রবণতা বেড়ে যায়।

স্মৃতির দাওয়াই

বয়স হলে স্মৃতি বিশ্বাসঘাতকতা করেই থাকে। তা বলে এই যে কমবয়সে চারদিকে সকলের মধ্যেই ভুলে যাওয়ার প্রবণতা বেড়ে যাচ্ছে ক্রমশ, এর পিছনে কিন্তু একটা নির্দিষ্ট কারণ আছে। প্রযুক্তির হাত ধরে আজকাল আমাদের তথ্যের মধ্যেই বাস। কিন্তু মস্তিষ্কের ক্ষমতাও তো নির্দিষ্ট। প্রয়োজনের অতিরিক্ত তথ্য সে ধরে রাখবে কেমন করে? তাহলে? স্মৃতিকে বশে রাখতেও কিন্তু কয়েকটা ছোট ছোট অভ্যাস কার্যকরী হয়।

- যা কিছু মনে রাখতেই হবে, যেমন সিলেবাস-মাফিক পড়াশোনা কিংবা অফিসের কাজের জরুরি তথ্য, সেগুলোকে ছবি বা ভিস্যুয়াল হিসেবে মনে রাখুন।
- অনেকখানি তথ্য একসঙ্গে মনে রাখা কঠিন। কিন্তু তাকে ছোট ছোট ভাগ করে মনে রাখলে সমস্যা অনেকটা মিটে যায়। ঠিক যেভাবে মোবাইল ফোনের নম্বর মনে রাখেন অনেকে। সংখ্যাগুলোকে দুটো বা তিনটে ভাগে ভাগ করে।
- প্রেজেন্টেশনের প্রস্তুতি কিংবা পরীক্ষার পড়া, অনেকটা তথ্য একসঙ্গে মনে রাখতেই হয়। এক্ষেত্রে নির্দিষ্ট সময় অন্তর রিভাইস করে দেখতে পারেন। ধরা যাক, তিন দিন পর, ছ'দিন পর ইত্যাদি। এতে বিষয়টা আত্মস্থ করা অনেক সহজ হয়ে যায়।
- মনে রাখার মতো জরুরি তথ্য কোনও গল্পের বই কিংবা সিনেমার দৃশ্যের সঙ্গে মিলিয়ে মনে রাখুন। ধরা যাক, কালপুরুষ নক্ষত্রের অবস্থান বা ধরন মনে রাখতে হবে। কোনও গল্পে বা সিনেমার দৃশ্যে যদি এ বিষয়টা থেকে থাকে, সেটা মনে রাখুন। মনে থাকবে ঠিক।
- ভরসা রাখতে পারেন নিমোনিকসে। মানে অ্যাক্রোনিম এবং কবিতার লাইন হিসেবে। অ্যাক্রোনিম অর্থাৎ একটা শব্দের বিভিন্ন অক্ষরকে সেই অক্ষর দিয়ে শুরু শব্দগুলো দিয়ে মনে রাখা। যেমন ভিবজিওর হল রামধনুর সাতটা রঙের আদ্যাক্ষর দিয়ে তৈরি শব্দ। অথবা কবিতার লাইনে ধরা থাক মনে রাখার তথ্য। সে ইতিহাসের চরিত্ররাই হোক কিংবা অঙ্কের নির্দিষ্ট কোনও ফর্মুলা।

দাওয়াই তাহলে আপনার মনেই আছে। মনে রাখা বা কোনওকিছুতে মন দেওয়া, দুটোই তাহলে পারবেন তো?

* * *

উপহারে জমুক রাখির আনন্দ

রাখির উপহার হোক একেবারে অন্যরকম! ভাই-বোনের মুখে হাসি ফোটাবে অভিনব কয়েকটি গিফট

যে কোনও উৎসবের আনন্দ উপহারের হাত ধরে আরও জমজমাট হয়ে ওঠে। রাখিবন্ধনও তার ব্যতিক্রম নয়। ভাইয়ের হাতে রাখি পরিয়ে দেওয়া, একসঙ্গে খাওয়া-দাওয়া, আড্ডা আর হইহুল্লোড়—সবকিছুর মাঝেও কৌতূহলী চোখ কিন্তু খোঁজে সেই উপহারের মোড়কটাই। ভাই-বোনের সম্পর্কটাই যখন এত্তটা স্পেশাল, উপহারটাও না হয় একটু অন্যরকমই হল! তাই গতানুগতিক জামাকাপড়, পারফিউম বা ঘড়ি নয়, এবার দিতে পারেন এমন কিছু, যার মধ্যে থাকবে সারপ্রাইজ, ব্যক্তিগত ছোঁয়া আর একগুচ্ছ স্মৃতি। এমন উপহার, যা খুলেই ভাই বা বোন বলবে, 'এটা তো একেবারেই ভাবিনি।'

স্মৃতির বাক্স: ছোটবেলার ছবি, পুরনো গ্রিটিংস কার্ড, একসঙ্গে ঘুরতে যাওয়ার টিকিট, ছোটবেলার কোনও মজার স্মৃতি-সব এক জায়গায় রেখে তৈরি করতে পারেন 'মেমোরি বাক্স'। সঙ্গে দু'জনের ছোটবেলার কয়েকটি ছবি এবং নিজের হাতে লেখা কয়েকটি কথা রাখুন। উপহারটি খুলতে খুলতেই ভাই বা বোন ফিরে যাবে ছোটবেলার দিনগুলিতে।

গল্পের স্ক্র্যাপবুক: কখনও ঝগড়া, কখনও একসঙ্গে বেড়াতে যাওয়া, আবার কখনও বাবা-মায়ের বকুনি থেকে একে অপরকে বাঁচানো-ভাই-বোনের সম্পর্কের গল্প তো কম নয়। সেই গল্পগুলো ছবি, ছোট ছোট ক্যাপশন ও মজার স্মৃতি দিয়ে সাজিয়ে একটি স্ক্র্যাপবুক বানিয়ে দিতে পারেন। এটি হবে একেবারেই ব্যক্তিগত এবং ইউনিক উপহার।

একদিনের 'ব্রেক': সবসময় বস্তুগত উপহার দেওয়ার প্রয়োজন নেই। ভাই বা বোন যদি কাজের চাপে ব্যস্ত থাকে, তাহলে তাকে একদিনের ছোট্ট 'ব্রেক' উপহার দিতে পারেন। একসঙ্গে সিনেমা দেখা, প্রিয় রেস্তরাঁয় খাওয়া, শহরের কোনও নতুন জায়গায় ঘুরে আসা কিংবা বাড়িতে বসে পুরনো সিনেমা দেখে গল্প করা, এমন সময়ই হয়তো সবচেয়ে বেশি মনে থাকবে।

'ওপেন ওয়েন' কুপনঃ একটি ছোট কুপন বুক তৈরি করতে পারেন। সেখানে লিখুন, 'একদিন আমার ট্রিট', 'তোমার পছন্দের সিনেমা আমার সঙ্গে দেখতে হবে', 'একদিন তোমার সব আবদার মেনে নেব', 'তোমার পছন্দের জায়গায় ঘুরতে যাব'—এমন মজার কিছু প্রতিশ্রুতি। প্রতিটি কুপন নির্দিষ্ট সময়ে ব্যবহার করা যাবে। উপহারটি যেমন মজার, তেমনই সম্পর্ককে আরও কাছাকাছি আনার সুযোগও দেবে।

একসঙ্গে নতুন অভিজ্ঞতা: ভাই বা বোনের সঙ্গে এমন কিছু করতে পারেন, যা আগে কখনও করেননি। যেমন পটারি ওয়ার্কশপ, কুকিং ক্লাস, ফটোগ্রাফি ওয়াক, আর্ট ওয়ার্কশপ বা ছোট্ট ডে-ট্রিপ। কোনও বস্তু নয়, একটি অভিজ্ঞতাকে উপহার হিসেবে দেওয়া যায়। পরে সেই দিনের স্মৃতিই হয়ে থাকবে সবচেয়ে সুন্দর উপহার।

প্রিয় জিনিস দিয়ে সাজানো 'হ্যাম্পার': বাজার থেকে তৈরি হ্যাম্পার না কিনে নিজের হাতে বানিয়ে ফেলুন ভাই বা বোনের প্রিয় চকোলেট, স্ন্যাকস, বই, ছোট্ট গাছ, পছন্দের পানীয়, ছবি কিংবা হাতে লেখা নোট। সব একসঙ্গে সাজিয়ে তৈরি করুন ব্যক্তিগত হ্যাম্পার। এতে বোঝা যাবে, উপহারটি কেনার আগে আপনি সত্যিই তার পছন্দের কথা ভেবেছেন।

সাবস্ক্রিপশন: ভাই বা বোন যদি সিনেমা, ওয়েব সিরিজ বা গান নিয়ে মেতে থাকতে ভালবাসে, তাহলে তার পছন্দ অনুযায়ী কোনও স্ট্রিমিং বা ডিজিটাল সাবস্ক্রিপশন উপহার দিতে পারেন। বিনোদনের প্যাকেজও হতে পারে দারুণ সারপ্রাইজ।

ট্যুর প্যাকেজ: ঘুরতে যেতে ভালবাসলে ভাই বা বোনের জন্য পরিকল্পনা করতে পারেন ছোট্ট কোনও ট্রিপ। পাহাড়, সমুদ্র, জঙ্গল কিংবা কাছেপিঠের কোনও স্টে-কেশন—পছন্দ অনুযায়ী বেছে নিন জায়গা। সময়-সুযোগ মিললে আপনিও সঙ্গী হয়ে যান। একসঙ্গে কাটানো কয়েকটা দিন দামি উপহারের থেকেও বেশি মূল্যবান হয়ে উঠবে। আসলে দামি উপহার নয়, তাতে ভাই-বোনের সম্পর্কের আবেগ কতটা জড়িয়ে রয়েছে, সেটাই থেকে যাবে মনের গভীরে। তাই এবার এমন কিছু উপহার হিসেবে বেছে নিন, যা কয়েক মাস পরেও আলমারির কোণে পড়ে থাকবে না, বরং দেখলেই মনে পড়বে ছোটবেলায় একসঙ্গে কাটানো স্মৃতির পাহাড়। সেখানেই তো লুকিয়ে রাখির আসল আনন্দ!

CENTURYPLY®

সেঞ্চুরি প্লাইবোর্ডস (ইন্ডিয়া) লিমিটেড
সিআইএন: এল২০১০১ডব্লিউবি১৯৮২পিএলসি০৩৪৪৩৫
নিবন্ধিত কার্যালয়: পি–১৫/১, তারাতলা রোড, কলকাতা – ৭০০ ০৮৮
টেলিফোন: +৯১ (০৩৩) ৩৯৪০ ৩৯৫০;
ই–মেল: investors@centuryply.com; ওয়েবসাইট: www.centuryply.com

৪৫তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি এবং ই–ভোটিং সংক্রান্ত তথ্য

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, কর্পোরেট বিষয়ক মন্ত্রক এবং সিকিউরিটিজ এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া কর্তৃক জারি করা প্রযোজ্য সার্কুলারগুলি মেনে, ৩১ জুলাই, ২০২৬ তারিখের এজিএম–এর বিজ্ঞপ্তিতে উল্লেখিত বিষয়াদি সম্পাদনের জন্য সেঞ্চুরি প্লাইবোর্ডস (ইন্ডিয়া) লিমিটেড ("কোম্পানি")–এর সদস্যদের **৪৫তম বার্ষিক সাধারণ সভা ("এজিএম") বুধবার, ১৬ সেপ্টেম্বর, ২০২৬ সকাল ১১:৩০ মিনিটে (ভা স)** শুধুমাত্র ভিডিও কনফারেন্সিং ("ভিসি") / অন্যান্য অডিও ভিজ্যুয়াল মাধ্যম ("ওএভিএম")–এর মাধ্যমে অনুষ্ঠিত হবে।

সভা সংক্রান্ত বিস্তারিত বিবরণের জন্য সদস্যদের ১৪ আগস্ট, ২০২৬ তারিখে বিজনেস স্ট্যান্ডার্ড (ইংরেজি) এবং আজকাল (বাংলা) পত্রিকায় প্রযোজ্য এমসিএ সার্কুলার অনুসারে কোম্পানির প্রকাশিত সংবাদপত্রের বিজ্ঞাপনটি দেখার জন্য অনুরোধ করা হচ্ছে। উক্ত বিজ্ঞাপনটি কোম্পানির ওয়েবসাইটেও উপলব্ধ এবং এনএসই ও বিএসই–তেও পাঠানো হয়েছে, যেখানে কোম্পানির ইক্যুইটি শেয়ারগুলি তালিকাভুক্ত রয়েছে, যাতে তারা তাদের নিজ নিজ ওয়েবসাইট অর্থাৎ www.nseindia.com এবং www.bseindia.com–এ এটি প্রচার করতে পারে।

এমসিএ এবং সেবি তাদের নিজ নিজ সার্কুলারের মাধ্যমে শেয়ারহোল্ডারদের কাছে বার্ষিক প্রতিবেদন এবং সভার বিজ্ঞপ্তির ফিজিক্যাল কপি পাঠানোর ক্ষেত্রে শিথিলতা প্রদান করেছে। তদনুসারে, কোম্পানি সোমবার, ২৪ আগস্ট, ২০২৬ তারিখে সেই সমস্ত সদস্যদের বৈদ্যুতিন মাধ্যমে ৪৫তম এজিএম–এর বিজ্ঞপ্তি এবং অর্থবর্ষ ২০২৫–২৬–এর বার্ষিক প্রতিবেদন পাঠিয়েছে যাদের ই–মেল ঠিকানা কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট / ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট / কোম্পানির কাছে নিবন্ধিত রয়েছে। এছাড়াও, যে সমস্ত সদস্য তাদের ই–মেল ঠিকানা নিবন্ধন করেননি, তাদের এজিএম বিজ্ঞপ্তি এবং অর্থবর্ষ ২০২৫–২৬–এর বার্ষিক প্রতিবেদন অ্যাক্সেস করার জন্য ওয়েব লিঙ্ক এবং কিউআর কোড সমেত একটি চিঠিও পাঠানো হয়েছে।

কোম্পানির সদস্য নথি এবং শেয়ার ট্রান্সফার বই বৃহস্পতিবার, ১০ সেপ্টেম্বর, ২০২৬ থেকে বুধবার, ১৬ সেপ্টেম্বর, ২০২৬ পর্যন্ত বন্ধ থাকবে। বুধবার, ৯ সেপ্টেম্বর, ২০২৬ (রেকর্ড তারিখ) অনুযায়ী শেয়ার ধারণকারী সদস্যরা বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত হলে ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত অর্থবর্ষের জন্য চূড়ান্ত লভ্যাংশ পাওয়ার অধিকারী হবেন।

কোম্পানি তার সদস্যদের রিমোট ই–ভোটিং সিস্টেমের পাশাপাশি এজিএম–এ ই–ভোটিং ব্যবহার করে বৈদ্যুতিন মাধ্যমে এজিএম–এ অনুমোদনের জন্য প্রস্তাবিত বিষয়গুলির ওপর ভোট দেওয়ার সুবিধা প্রদান করতে পেরে আনন্দিত। শেয়ারহোল্ডারদের ই–ভোটিং সুবিধা প্রদানের জন্য কোম্পানি ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল)–এর পরিষেবা গ্রহণ করেছে। রিমোট ই–ভোটিং–এর পাশাপাশি সভা চলাকালীন ই–ভোটিং সিস্টেমের মাধ্যমে ভোট দেওয়ার পদ্ধতি এবং নির্দেশাবলী বিজ্ঞপ্তিতে প্রদান করা হয়েছে। এজিএম–এর বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সমস্ত বিষয়াদি এনএসডিএল–এর মাধ্যমে প্রদত্ত ই–ভোটিং সুবিধার মাধ্যমে সম্পাদন করা যেতে পারে।

রিমোট ই–ভোটিং সময়কাল শনিবার, ১২ সেপ্টেম্বর, ২০২৬ সকাল ৯:০০ টায় শুরু হবে এবং মঙ্গলবার, ১৫ সেপ্টেম্বর, ২০২৬ বিকাল ৫:০০ টায় শেষ হবে। মঙ্গলবার, ১৫ সেপ্টেম্বর, ২০২৬ বিকাল ৫:০০ টার পর ভোট দেওয়ার জন্য এনএসডিএল কর্তৃক রিমোট ই–ভোটিং মডিউলটি নিষ্ক্রিয় করা হবে এবং এরপরে কোনো ই–ভোটিং–এর অনুমতি দেওয়া হবে না।

সদস্য(দের) ভোটাধিকার বুধবার, ৯ সেপ্টেম্বর, ২০২৬ ("কাট–অফ তারিখ") অনুযায়ী তাদের ধারণকৃত ইক্যুইটি শেয়ারের সংখ্যার অনুপাতে হবে। এজিএম–এ বৈদ্যুতিন মাধ্যমে ভোট দেওয়ার সুবিধা উপলব্ধ করা হবে এবং শুধুমাত্র কাট–অফ তারিখ অনুযায়ী যে সমস্ত সদস্যরা রিমোট ই–ভোটিং–এর মাধ্যমে তাদের ভোট দেননি, তারাই এজিএম–এ ই–ভোটিং সিস্টেমের মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগ করার অধিকারী হবেন। ই–ভোটিং সময়কালে যে সমস্ত সদস্যরা রিমোট ই–ভোটিং–এর মাধ্যমে তাদের ভোট দিয়েছেন, তারা সভায় অংশগ্রহণ করতে পারবেন তবে পুনরায় তাদের ভোট দেওয়ার অধিকারী হবেন না। কাট–অফ তারিখ অনুযায়ী যিনি সদস্য নন, তার এই বিজ্ঞপ্তিটিকে শুধুমাত্র তথ্যের উদ্দেশ্যে বিবেচনা করা উচিত।

এজিএম–এর বিজ্ঞপ্তি প্রেরণের তারিখের পরে যে সমস্ত সদস্য শেয়ার অর্জন করেছেন এবং কাট–অফ তারিখ অনুযায়ী তা ধারণ করে আছেন, তারা বৈদ্যুতিন মাধ্যমে তাদের ভোটাধিকার প্রয়োগ করার জন্য ইউজার আইডি এবং পাসওয়ার্ড পাওয়ার অনুরোধ জানিয়ে evoting@nsdl.com বা investors@centuryply.com–এ এনএসডিএল / কোম্পানির সাথে যোগাযোগ করতে পারেন। তবে, কোনো ব্যক্তি যদি ই–ভোটিং–এর জন্য এনএসডিএল–এ আগে থেকেই নিবন্ধিত থাকেন, তবে তিনি ভোট দেওয়ার জন্য বিদ্যমান ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করতে পারেন। বিকল্পভাবে, আপনি যদি এনএসডিএল ই–সার্ভিস অর্থাৎ আইডিয়াজ–এর জন্য নিবন্ধিত হন, তবে আপনি আপনার বিদ্যমান আইডিয়াজ লগইন দিয়ে https://eservices.nsdl.com–এ লগ–ইন করে ই–ভোটিং ওয়েবপেজ দেখতে পারেন।

অন্যান্য বিষয়ের পাশাপাশি ই–ভোটিং পদ্ধতি অন্তর্ভুক্ত এজিএম–এর বিজ্ঞপ্তি এবং বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট www.centuryply.com–এ উপলব্ধ এবং স্টক এক্সচেঞ্জগুলিতেও পাঠানো হয়েছে যেখানে কোম্পানির ইক্যুইটি শেয়ারগুলি তালিকাভুক্ত রয়েছে, যাতে তারা তাদের নিজ নিজ ওয়েবসাইট অর্থাৎ www.nseindia.com এবং www.bseindia.com–এ এটি প্রচার করতে পারে। বিজ্ঞপ্তিটি এনএসডিএল–এর ই–ভোটিং ওয়েবসাইট https://www.evoting.nsdl.com–এও উপলব্ধ থাকবে।

ই–ভোটিং সংক্রান্ত কোনো প্রশ্ন / অভিযোগের ক্ষেত্রে, সদস্যরা এনএসডিএল–এর ই–ভোটিং ওয়েবসাইট, অর্থাৎ www.evoting.nsdl.com–এর 'Downloads' বিভাগে উপলব্ধ শেয়ারহোল্ডারদের জন্য সচরাচর জিজ্ঞাস্য (FAQs) এবং শেয়ারহোল্ডারদের জন্য ই–ভোটিং ইউজার ম্যানুয়াল দেখতে পারেন অথবা ০২২ – ৪৮৮৬ ৭০০০ নম্বরে কল করতে পারেন বা শ্রী অমিত বিশাল, ভাইস প্রেসিডেন্ট অথবা শ্রীমতী পল্লবী মাত্রে, ডেপুটি ভাইস প্রেসিডেন্ট, এনএসডিএল–এর সাথে ই–মেল আইডি: evoting@nsdl.com–এ যোগাযোগ করতে পারেন অথবা এনএসডিএল, ৩০১, ৪র্থ তলা, নমন চেম্বার্স, জি ব্লক, প্লট নং– সি–৩২, বান্দ্রা কুরলা কমপ্লেক্স, বান্দ্রা ইস্ট, মুম্বই– ৪০০০৫১–এ যোগাযোগ করতে পারেন। সিডিএসএল–এর সাথে ডিম্যাট মোডে সিকিউরিটিজ ধারণকারী সদস্যরা টোল ফ্রি নং ১৮০০–২১–০৯৯১১–এ বা ই–মেল আইডি: helpdesk.evoting@cdslindia.com–এ যোগাযোগ করতে পারেন। এই বিষয়ে সদস্যরা কোম্পানির নিবন্ধিত কার্যালয়ে নিম্নস্বাক্ষরকারীকে চিঠিও লিখতে পারেন অথবা investors@centuryply.com–এ ই–মেল করতে পারেন।

৪৫তম এজিএম সমাপ্ত হওয়ার পর দুই কার্যদিবস বা তিন ক্যালেন্ডার দিনের মধ্যে, যেটি আগে হবে, ভোটাভুটির ফলাফল ঘোষণা করা হবে। স্ক্রুটিনাইজার–এর প্রতিবেদন সমেত ঘোষিত ফলাফল অবিলম্বে কোম্পানির ওয়েবসাইট www.centuryply.com এবং এনএসডিএল–এর ই–ভোটিং ওয়েবসাইট: www.evoting.nsdl.com–এ উপলব্ধ হবে। এই ফলাফলগুলি কোম্পানির দ্বারা ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেড এবং বিএসই লিমিটেড–এও পাঠানো হবে, যেখানে কোম্পানির শেয়ারগুলি তালিকাভুক্ত রয়েছে।

সেঞ্চুরি প্লাইবোর্ডস (ইন্ডিয়া) লিমিটেড–এর পক্ষে
স্বা/–
সন্দীপ ঝুনঝুনওয়ালা
কোম্পানি সেক্রেটারি

স্থান: কলকাতা
তারিখ: ২৫ অগাস্ট, ২০২৬

আজকাল
কর্মখালি/ ব্যবসা/বাণিজ্য/ হারানো/প্রাপ্তি ইত্যাদি বিজ্ঞাপন
১২টি শব্দ ২৫০ টাকা অতিরিক্ত শব্দ ১৮ টাকা

Chola
Enter a better life

চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড
কর্পোরেট অফিস: 'চোলা ক্রেস্ট', সুপার বি, সি৫৪ এবং সি৫৫, ৪, থিরু ভি ক, ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, গিণ্ডি, চেন্নাই–৬০০০৩২

পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, **মেসার্স চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড**–এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২)–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে উক্ত অ্যাক্টের ১৩(২) ধারাধীনে এখানে নীচে লেখা তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে উক্ত নোটিসে দাবিকৃত অর্থাঙ্ক ও এর ওপর সুদ আদায় দেওয়ার জন্য ঋণগ্রহীতা রূপে আপনাদের (নাম ও ঠিকানা এখানে নীচে উল্লেখ করা হয়েছে) প্রতি আহ্বান জানানো হয়েছিল। এখানে নীচে উল্লিখিত ঋণগ্রহীতাগণ উক্ত দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত ওই ঋণগ্রহীতাগণের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নিম্নবর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন। এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণকে নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন নীচে উল্লিখিত অর্থাঙ্ক ও তদুপরি সুদ সমেত **মেসার্স চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড**–এর প্রতি দায় সাপেক্ষ হবে। সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতাদের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর এবং ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতার নাম ও ঠিকানা	দাবি বিজ্ঞপ্তির তারিখ	অনাদায়ী বকেয়া	স্থাবর সম্পত্তির বিবরণ	দখলের তারিখ
১.	**লোন অ্যাকাউন্ট নম্বর: LAP4BDW000100531** **মিঃ/মিসেস অরুণ কুমার মণ্ডল ওরফে অরুণ মণ্ডল** **মিঃ/মিসেস পিঙ্কি মণ্ডল** **উভয়ের নিবাস**–ছোট নীলপুর, কমলাদিঘি, দক্ষিণ পাড়, বর্ধমান পুরসভা, শ্রীপল্লী, বর্ধমান, নবীন সংঘ ক্লাব, পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩১০৩। **উভয়ের বিকল্প নিবাস:** জে এল নং ৩৫, খতিয়ান নং ৮৭৩২, ছোটনীলপুর নবীন সংঘ ক্লাবের নিকটে, বর্ধমান, পশ্চিমবঙ্গ ৭১৩১০৩	২৯.০৫.২০২৬	₹২২,২৫,৮৩৭/– (বাইশ লক্ষ পঁচিশ হাজার আটশো সাঁইত্রিশ টাকা মাত্র), ২৯.০৫.২০২৬ অনুযায়ী এবং সুদ	মোট ৭২০ বর্গফুট বিল্ট আপ এরিয়ার একতলা আবাসবাড়ি সহ ১.৭৩ ডেসিমেল জমির প্লটের সমগ্র ও অবিচ্ছেদ্য অংশ, অংশত আর এস প্লট নং ৫০৭ ও এল আর প্লট নং ৯৫৫–তে ১.৭৩ ডেসিমেল জমি, মৌজা বালিডাঙা, জে এল নং ৩৫, এল আর খতিয়ান নং ৮৭৩২, থানা বর্ধমান, জেলা পূর্ব বর্ধমান, বর্ধমান পুরসভার ওয়ার্ড নং ১৪, চৌহদ্দি: উত্তর: ৬ ফুট চওড়া রাস্তা; দক্ষিণ: মালিকের সম্পত্তি; পূর্ব: জয়ন্ত ভট্টাচার্যর বাড়ি; পশ্চিম: অশোক কুমার মণ্ডলের ফাঁকা জমি এবং উপরোক্ত সম্পত্তিটি এখানে সংযুক্ত ম্যাপ/প্ল্যানে চিহ্নিত এবং লাল কালির বর্ডারে চিহ্নিত।	২২.০৮.২০২৬

তারিখ: ২২.০৮.২০২৬
স্থান: পূর্ব বর্ধমান

অনুমোদিত আধিকারিক
চোলামণ্ডলম ইনভেস্টমেন্ট অ্যান্ড ফিনান্স কোম্পানি লিমিটেড

pnb Housing Finance Limited

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কে জি মার্গ, নতুন দিল্লি–১১০০০১, ফোন: ০১১–২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪;
ওয়েবসাইট: www.pnbhousing.com

শাখা অফিস: ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা–৭০০০১৬

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)

যেহেতু, পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর রুল ৮(১) অনুসারে ও সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৩–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত তারিখ সংবলিত দাবি বিজ্ঞপ্তি(গুলি) জারি করেছিলেন, যার মাধ্যমে নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত অর্থাঙ্ক উক্ত বিজ্ঞপ্তি(গুলি)র তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/দের প্রতি আহ্বান জানানো হয়েছিল। উক্ত ঋণগ্রহীতা/গণ দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত উক্ত ঋণগ্রহীতা/গণ এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮–সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩(৪) ধারা অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে নীচে প্রতিটি অ্যাকাউন্টের পাশে উল্লিখিত তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তি/সমূহের দখল নিয়েছেন। বিশেষত উক্ত ঋণগ্রহীতা/গণ এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি/সমূহ নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি/সমূহ নিয়ে যে কোনও প্রকার লেনদেন নিম্নে বর্ণিত অর্থাঙ্ক ও তার ওপর ঋণচুক্তি মোতাবেক নির্ধারিত সুদ–সমেত পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর প্রতি দায় সাপেক্ষ হবে। সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

লোন অ্যাকাউন্ট নম্বর	ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদারের নাম	দাবি বিজ্ঞপ্তির তারিখ	বকেয়া অর্থাঙ্ক	দখলের তারিখ	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ
HOU/KOL/ 0724/1279830 শাখা অফিস: কলকাতা	শুভদীপ বেরা এবং নমিতা বেরা	০৬.০৪.২০২৬	₹১৬,৬৯,৪৬৪.০০/– ০৬.০৪.২০২৬ তারিখ অনুযায়ী বকেয়া	বাস্তবিক ১৯.০৮.২০২৬	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মার্বেল ফ্লোরিং করা আবাসিক ফ্ল্যাট যার কার্পেট এরিয়া সামান্য কমবেশি ৪৪০ বর্গফুট, কভার্ড এরিয়া ৫২৫ বর্গফুট, সুপার বিল্ট–আপ এরিয়া ৬৩০ বর্গফুট, ফ্ল্যাট নং ১০১, ফার্স্ট ফ্লোর, উত্তর–পূর্ব দিকে, উক্ত বিল্ডিং বীণাপাণি আবাসন' নামে পরিচিত, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ৮৭, মাখলা, ১ নং গভর্নমেন্ট কলোনি,পোঃঅঃ– খলা, ওয়ার্ড নং ২৩, উত্তরপাড়া–কোতরং মিউনিসিপ্যালিটির অন্তর্গত, মাথানা– উত্তরপাড়া, এডিএসআর অফিস উত্তরপাড়া, জেলা হুগলি, পিন–৭১২২৪৫ এবং তৎসহ সামান্য কমবেশি ৪ (চার) কাঠা বাস্তু জমির আনুপাতিক অংশ, মৌজা মাখলা, জে এল নং ১১, এলওপি নং ৯০, সি এস দাগ নং ২৪৭৫, আর এস দাগ নং ১৯১৫/২৭৭২, এল আর দাগ নং ২১৬৩ এর অনুরূপ, এল আর খতিয়ান নং ৭৮৮৮ এর অধীনে, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ৮৭, মাখলা ১ নং গভর্নমেন্ট কলোনি, জোন: হোল্ডিং যে কোনও অন্য রাস্তায় অবস্থিত, পোঃঅঃ– মাখলা, ওয়ার্ড নং ২৩, উত্তরপাড়া–কোতরং মিউনিসিপ্যালিটির আওতায়, থানা– উত্তরপাড়া, এডিএসআর অফিস উত্তরপাড়া, হুগলি, ৭১২২৪৫, জমির পরিমাপ সামান্য কমবেশি ৪ কাঠা (বাস্তু)। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– সাধারণ খোলা জায়গা; দক্ষিণ– ফ্ল্যাট নং ১০২; পূর্ব– সাধারণ খোলা জায়গা তারপর মিউনিসিপ্যাল রাস্তা; পশ্চিম– করিডর এবং সিঁড়ি।
HOU/KOL/ 0917/429989 শাখা অফিস: কলকাতা	অনিমেষ মজুমদার এবং দেবাঞ্জলি মুখার্জি	০৯.০৬.২০২৬	₹৪৩,১৭,৩২১.৪১/– ০৯.০৬.২০২৬ তারিখ অনুযায়ী বকেয়া	প্রতীকী ২০.০৮.২০২৬	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: ১৪০২ বর্গফুটের দোতলা বিল্ডিং (গ্রাউন্ড ফ্লোর প্রায় ৬৭৯ বর্গফুট এবং ফার্স্ট ফ্লোর প্রায় ৭২৩ বর্গফুট) সহ জমি যা আর এস দাগ নং ৩১১৬, আর এস খতিয়ান নং ১৮৫২ এর অধীনে, মৌজা পূর্ব বড়িশা, জে এল নং ২৩, আর এস নং ৪৩, তৌজি নং ২৩৫, ২৩৭, ২৪০, থানা ঠাকুরপুকুর বর্তমানে হরিদেবপুর, জেলা দক্ষিণ ২৪ পরগণা,মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ২০১, মহাত্মা গান্ধী রোড, মিউনিসিপ্যাল ওয়ার্ড নং ১২৪, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সীমার মধ্যে, জমির পরিমাপ সামান্য কমবেশি ৪ কাঠা ১০ ছটাক। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– সুজিত দাস রায়ের বাড়ি; দক্ষিণ– গোপাল মুখার্জি; পূর্ব– বিষ্ণুপদ বিশ্বাস; পশ্চিম– ১২ ফুট চওড়া কে এম সি রাস্তা।
HOU/KOL/ 0216/268196 HOU/KOL/ 0718/552778 শাখা অফিস: কলকাতা	অনিমেষ মজুমদার এবং দেবাঞ্জলি মুখার্জি	০৯.০৬.২০২৬	₹৩১,৩৭,৮০৯.০৬/– ০৯.০৬.২০২৬ তারিখ অনুযায়ী বকেয়া	প্রতীকী ২০.০৮.২০২৬	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: ব্লক ৩–এর ফার্স্ট ফ্লোরে সুপার বিল্ট আপ এরিয়া ১১৯৮ বর্গফুটের ফ্ল্যাট ইউনিট নং ১–বি', বিল্ডিংটি সাধারণভাবে ইডেন ব্রুকসাইড' নামে পরিচিত যা আর এস দাগ নং ৩১৮৬ এবং ৩৭২০, আর এস খতিয়ান নং ৭৮৪ এবং ১১২৮, জে এল নং ২৩, কালেক্টরেট তৌজি নং ১ থেকে ৬, ৮ থেকে ১০, ১০ থেকে ১২, মৌজা পূর্ব–বড়িশা, জোকা ২ গ্রাম পঞ্চায়েতে অবস্থিত, ঠাকুরপুকুর ক্যান্সার হাসপাতালের কাছে, থানা ঠাকুরপুকুর, পোঃঅঃ– জোকা, জেলা ২৪ পরগণা (দক্ষিণ)–এ অবস্থিত, জমির পরিমাপ সামান্য কমবেশি ৪৫ কাঠা ৮ ছটাক ১৫ বর্গফুট। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– আর এস দাগ নং ৩১৮৫, ৩১৭৭ এবং ৩৭২০ এর জমি এবং ১০ ফুট চওড়া প্যাসেজ; দক্ষিণ– ১৪ ফুট চওড়া রাস্তা এবং মৌজা–কালুয়ার অধীনে জমি এবং আর এস দাগ নং ৩৭৯৩ এর তৎসহ যুক্ত জমি; পূর্ব– ৩৫ ফুট চওড়া রাস্তা; পশ্চিম– ১৪ ফুট রাস্তা এবং আর এস দাগ নং ৩১৮৪ এর জমি।
NHL/KOL/ 0224/1222363 শাখা অফিস: কলকাতা	কৌশিক কর্মকার; আশাবরী ভট্টাচার্য এবং কৌশিক গ্লোবাল ফরওয়ার্ডিং এলএলপি	০৪.০৬.২০২৬	₹৪৭,৫০,৫৬৮.৬০/– ০৪.০৬.২০২৬ তারিখ অনুযায়ী বকেয়া	প্রতীকী ২০.০৮.২০২৬	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: ১২৫০ বর্গফুট কভার্ড এরিয়ার পাকা দোতলা বিল্ডিং সহ বাস্তু জমি, মৌজা ডোমজুড়, সি এস এবং আর এস দাগ নং ১০৬৬, সি এস খতিয়ান নং ১৩২১, আর এস খতিয়ান ১৩২০ এর অনুরূপ, এল আর দাগ নং ৭৫৬, এল আর খতিয়ান নং ১৬৯ এর অধীনে, জে এল নং ৩৩, ফরোয়ার্ডিং শিট নং ১ এবং ২, ডোমজুড় গ্রাম পঞ্চায়েতের সীমার মধ্যে, থানা ডোমজুড়, হাওড়া জেলায়–৭১১৪০৫, এই দলিলের অন্তর্ভুক্ত প্ল্যানে লাল রঙ দিয়ে চিহ্নিত, জমির পরিমাপ সামান্য কমবেশি ৮.১২ ডেসিমেল (বাস্তু)। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:উত্তর– দাগ নং ১০৬৬ (অংশ) এর জমি; দক্ষিণ– ৬ ফুট চওড়া সাধারণ প্যাসেজ; পূর্ব– আংশিকভাবে দাগ নং ১০৮০ এর জমি, আংশিকভাবে ৪৫১৭ এবং তারপর ১২ ফুট আনুমানিক গ্রাম পঞ্চায়েত রাস্তা; পশ্চিম– দাগ নং ১০৬১ এর জমি।
HOU/KOL/ 0317/368686 শাখা অফিস: কলকাতা	পার্থ সারথি চক্রবর্তী এবং দীপা চক্রবর্তী	০৯.০৬.২০২৬	₹৩০,৫৪,৭৭০.৭৫/– ০৯.০৬.২০২৬ তারিখ অনুযায়ী বকেয়া	প্রতীকী ২০.০৮.২০২৬	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: ব্লক–৩, ২ নং ফ্লোরে সুপার বিল্ট আপ এরিয়া প্রায় ১২১৯ বর্গফুটের ফ্ল্যাট নং ২বি, গ্রাউন্ড ফ্লোরে একটি কভার কার পার্কিং সহ, মৌজা– কোতরং, সি এস আর এস প্লট নং ৩৫৬৪, ৩৫৬৩, ৩৬৭৭/৩৭৫২, ৩৬৭৭/৩৭৫৩, ৩৬৭৭/৪৫৪১, ৩৬৭৭/৩৭৫৪, ৩৬৭৮৩/৩৭৫৫, ৩৬৭৮, ৩৬৭৭, এল আর প্লট নং ৬৭০৮, ৬৭০৯, ৬৭১০, ৬৭১১, ৬৭১২, ৬৭২০, ৬৭২১, ৬৭২৭, ৬৭৩৩, এল আর খতিয়ান নং ৫৬৬৭, জে এল নং ৮, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ৯কে জি টি রোড উত্তরপাড়া কোতরং মিউনিসিপ্যালিটি ওয়ার্ড নং ৫ এর অধীনে, থানা– উত্তরপাড়া, জেলা হুগলি, জমির পরিমাপ সামান্য কমবেশি ১০ বিঘা ৬ কাঠা (বাস্তবিক পরিমাপ অনুযায়ী ১০ বিঘা ৫ কাঠা ১৫ ছটাক এবং ৩১ বর্গফুট)। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– মিউনিসিপ্যাল রাস্তা; দক্ষিণ– সাদাজেনিসা বিবি এবং অন্যান্যদের সম্পত্তি; পূর্ব– গঙ্গা নদী; পশ্চিম– জি টি রোড।
NHL/KOL/ 0718/556761 শাখা অফিস: কলকাতা	অজয় কুমার গণ এবং রত্না গণ	০৯.০৬.২০২৬	₹১৮,৩০,৬৮৪.৬৮/– ০৯.০৬.২০২৬ তারিখ অনুযায়ী বকেয়া	প্রতীকী ২০.০৮.২০২৬	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: হোল্ডিং নং ৪২, শহিদ ক্ষুদিরাম সরণিতে অবস্থিত কাঠামো সহ ১ কাঠা ১ ছটাক এবং ২ বর্গফুট জমি এবং হোল্ডিং নং ৩২ (৪২/২) কল্যাণ নগরে অবস্থিত কাঠামো সহ ১ কাঠা ১ ছটাক এবং ৩৫ বর্গফুট জমি, একত্রীকরণের পর হোল্ডিং নং ৩২/৪২/২, কল্যাণ নগর, মৌজা দক্ষিণ নিমতা, পরগণা কলকাতা, জে এল নং ৮, রে সা নং ১০২, তৌজি নং ১৭৩, খতিয়ান নং ৫১২ এবং ১২৮১, হাল এল আর খতিয়ান নং ১৭, দাগ নং ৩৬৪৯ এবং ৩৬৫১, হাল দাগ নং ৩৬৪৯/৫৮০৪, ৩৬৪৯/৫৮১০ এবং ৩৬৫১/৫৮০৩, জেলা ২৪ পরগণা (উত্তর), থানা দমদম (পুরাতন), নিমতা (নতুন), ওয়ার্ড নং ২৫ (পুরাতন), উত্তর দমদম মিউনিসিপ্যালিটির সীমার মধ্যে, জমির পরিমাপ সামান্য কমবেশি ২ কাঠা ২ ছটাক এবং ৩৭ বর্গফুট।
HOU/KOL/ 0817/418669 শাখা অফিস: কলকাতা	দীনেশ কুমার জয়সওয়ারা এবং অনিতা দেবী	০৯.০৬.২০২৬	₹১৭,৩১,৪৮৬.৪০/– ০৯.০৬.২০২৬ তারিখ অনুযায়ী বকেয়া	প্রতীকী ২০.০৮.২০২৬	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: থার্ড ফ্লোরে দক্ষিণ দিকের অংশে মার্বেল ফ্লোরিং করা লিফট ছাড়া একটি স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট যার সুপার বিল্ট আপ এরিয়া ৬৫৫ বর্গফুট, হোল্ডিং নং ১০৪৮, সার্কেল নং ১, মিউনিসিপ্যাল প্রেমিসেস নং ২৯৩, ভিক্টোরিয়া রোড (সাউথ) বর্তমানে ২৯৩, মহারাজা নন্দ কুমার রোড (সাউথ) নামে পরিচিত,থানা– বরানগর, পোঃঅঃ– বরানগর, কলকাতা ৭০০০৩৬, তৌজি নং– ১০৬৮/২৮৩৩, আর এস দাগ নং ৫২৬৭, এল আর দাগ নং ৫২৬৭, এল আর খতিয়ান নং ১০ এবং ৮৮১, আর এস খতিয়ান নং ৮৫৩৫, জে এল নং ৫, মৌজা– বরানগর, আর এস নং ৬, বরানগর মিউনিসিপ্যালিটি ওয়ার্ড নং ৩২–এর মধ্যে, উক্ত সম্পত্তির সকল এজমালির অধিকার সহ যাতায়াত ও অন্যান্য সুবিধা সহ। অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রার, কাশীপুর দমদমের এক্তিয়ারাধীন, জেলা উত্তর ২৪ পরগণা, জমির পরিমাপ সামান্য কমবেশি ১ কাঠা ১১ ছটাক (বাস্তু)। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– সিঁড়ি, সাধারণ প্যাসেজ এবং ফ্ল্যাট নং বি; দক্ষিণ– খোলা আকাশ; পূর্ব– খোলা আকাশ; পশ্চিম– খোলা আকাশ।
HOU/KOL/ 0118/481482 শাখা অফিস: কলকাতা	শিবু মুখার্জি এবং সীমা রায় (জামিনদার)	০৯.০৬.২০২৬	₹৭,১৮,৮৩৯.৮৩/– ০৯.০৬.২০২৬ তারিখ অনুযায়ী বকেয়া	প্রতীকী ২০.০৮.২০২৬	নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: সেকেন্ড ফ্লোরে লিফট ছাড়া মার্বেল ফ্লোরিং করা ৩৭৬ বর্গফুট সুপার বিল্ট–আপ এরিয়ার একটি স্বয়ংসম্পূর্ণ আবাসিক ফ্ল্যাট নং ২বি, জি+৩ তলা বিল্ডিং সহ, মৌজা সুলতানপুর, জে এল নং ১০, আর এস নং ১৪৮, তৌজি নং ১৭২/১৭৩, সি এস/আর এস দাগ নং ৬১১, সি এস/আর এস খতিয়ান নং ১৫৮৭ এর অধীনে, থানা দমদম, মিউনিসিপ্যাল হোল্ডিং নং ১৪, আমবাগান পদ্মপুকুর, কলকাতা– ৭০০০৭৯, দমদম মিউনিসিপ্যালিটির ওয়ার্ড নং ২ এর অধীনে, এডিএসআর কাশীপুর দমদমের মধ্যে, জেলা ২৪ পরগণা (উত্তর), জমির পরিমাপ সামান্য কমবেশি ২ কাঠা ৮ ছটাক ১৪ বর্গফুট (বাস্তু)। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– ১০ ফুট চওড়া রাস্তা; দক্ষিণ– দাগ নং ৬১২; পূর্ব– দাগ নং ৬১১; পশ্চিম– দাগ নং ৬০৫।

স্থান: কলকাতা; **তারিখ: ২৫.০৮.২০২৬** **অনুমোদিত আধিকারিক, পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড**

पंजाब नैशनल बैंक ...भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon!

২৮.০৯.২০২৬ তারিখের
ই–নিলাম
বিক্রয় বিজ্ঞপ্তি

সার্কল অফিস, স্ট্রেসড অ্যাসেট ম্যানেজমেন্ট ডিভিশন, দুর্গাপুর (সিও এসএএমডি দুর্গাপুর)
নাচন রোড, বেনাচিতি, দুর্গাপুর, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ / ই–মেল: codgprec@pnb.bank.in

স্থাবর / অস্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
ইএমডি (বায়না জমা) এবং নথিপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: সংশ্লিষ্ট ই নিলামের তারিখ ২৮.০৯.২০২৬, দুপুর ২টো পর্যন্ত
সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট (সারফায়েসি) অ্যাক্ট, ২০০২ (নং ৫৪/২০০২) অধীনে এই ব্যাঙ্কে বন্ধক রাখা স্থাবর সম্পত্তি বিক্রি।

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(১)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর / অস্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ করা নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর/ অস্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

স্থাবর/ অস্থাবর সম্পত্তিগুলির বিবরণ [সম্পত্তিগুলি সুরক্ষিত ঋণদাতার গঠনমূলক / বাস্তবিক দখলে রয়েছে]

ক্রম নং	শাখার নাম / অ্যাকাউন্টের নাম, ঋণগ্রহীতা/ জামিনদারের নাম ও ঠিকানা	বন্ধক রাখা স্থাবর/ অস্থাবর সম্পত্তির বিবরণ এবং স্বত্বাধিকারীর নাম [সম্পত্তির বন্ধকদাতার নাম] এবং দখলের প্রকৃতি	ক) ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) দখলের তারিখ গ) ১৩(২) নোটিসের তারিখে বকেয়া	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য (টাকার অঙ্কে)	ই–নিলামের তারিখ ও সময়	সুরক্ষিত ঋণদাতার জানা দায় সম্পর্কিত বিশদ তথ্য
১.	**শাখা অফিস: ০৩০৫১০– আসানসোল** **অ্যাকাউন্ট: শিব শক্তি অ্যাগ্রো প্রোডাক্টস** **ঋণগ্রহীতা / জামিনদার: শিব শক্তি অ্যাগ্রো প্রোডাক্টস,** টিকানা: বড়তোড়িয়া মোড়, গ্রাম–গোয়ালাডি, পোঃঅঃ ও থানা– নেতুড়িয়া, পুরুলিয়া, পশ্চিমবঙ্গ, ভারত–৭২৩১২১ **সঙ্গীতা বনসাল (অংশীদার)** ঠিকানা: চলবলপুর, সীতারামপুর, কুলটি, চিত্তরঞ্জন রোড, জেলা– পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩৩৫৯ **রজনী আগরওয়াল (অংশীদার)** হিন্দুস্তান পার্ক, স্ট্রিট নং ১, আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশন, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩৩০৪ **অজয় কুমার বনসাল** হিন্দুস্তান পার্ক, স্ট্রিট নং ১, আসানসোল মিউনিসিপ্যাল কর্পোরেশন, পশ্চিম বর্ধমান, পশ্চিমবঙ্গ–৭১৩৩০৪	**সম্পত্তি নং ১:** ১. ঋণগ্রহীতার যাবতীয় মজুত পণ্য, যাবতীয় বহি দায়, যন্ত্র ও যন্ত্রাংশ এবং অপর সকল চলতি পরিসম্পদ। ২. কারখানার জমি, বাড়ি ও শেডের অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: বড়তোড়িয়া মোড়, গ্রাম– গোয়ালাডি, পোঃঅঃ ও থানা– নেতুড়িয়া, জে এল নং ১১২, এল আর খতিয়ান নং ৩৮৭, ৩৭০, ৩৬৯ ও ৩৭৮, আর এস এবং এল আর প্লট নং ৮১, ৯৪, ৭৬, ৭৯, ৯১ ও ৮০, প্রকৃতি– কারখানা, জেলা– পুরুলিয়া, পশ্চিমবঙ্গ–৭২৩১২১, বর্তমানে ইজারাধীন, ২০২৫ সালের দলিল নং I–১৩৬২ অনুযায়ী, জমির পরিমাপ– ৩.৭২ একর। স্বত্বধারকদের নাম: (১) রজনী আগরওয়াল, স্বামী– নরেশ কুমার আগরওয়াল; (২) সঙ্গীতা বনসাল, স্বামী– অজয় কুমার বনসাল, ২০২৫ সালের ইজারা দলিল নং I–১৩৬২ অনুযায়ী। [২০১৭ সালের বিক্রয় দলিল নং I–২৬০, I–২৬১, I–২৬২, I–১৬৩৮ ও I–১৬৯০ এবং ২০২৫ সালের দান দলিল নং I–১০৯৭ অনুযায়ী]। **চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– পুকুর; **দক্ষিণ**– অন্যের ফাঁকা জমি; **পূর্ব**– তরুণ বাউরির বাড়ি; **পশ্চিম**– ২০ ফুট চওড়া সাধারণ চলাচলের পরিসর। **[সম্পত্তি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]**	ক) ২২.০৫.২০২৬ খ) ১১.০৮.২০২৬ গ) ₹২৮,৩৯,১২,৮১০.২২ (আঠাশ কোটি উনচল্লিশ লক্ষ বারো হাজার আটশো দশ টাকা এবং বাইশ পয়সা মাত্র), উপরোক্ত নোটিসে উল্লেখমতো	ক) ₹১১.২২ কোটি খ) ₹১.১২ কোটি গ) ₹১০,০০০.০০	২৮.০৯.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে	বর্তমানে ব্যাঙ্কের জানা নেই
		সম্পত্তি নং ২: নিম্নোক্ত সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: হিল কলোনি কুলটি, কমলা নার্সিং হোমের কাছে, পোঃঅঃ ও থানা– কুলটি, পশ্চিম বর্ধমান, পিন–৭১৩৩৫৯, মৌজা–কুলটি, এল আর প্লট নং ১১৭৩, ১১৭৪, ১১৭৫, এল আর খতিয়ান নং ২৮২৭। ২০১০ সালের দলিল নং ৪৪০২ অনুযায়ী, জমির পরিমাপ– ০২ বিঘা ০১ কাঠা ১৫.৪২ ছটাক। স্বত্বধারকের নাম: মিঃ অজয় কুমার বনসাল, পিতা– রতন লাল আগরওয়াল। **চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**– অন্যের জমি; **দক্ষিণ**– অন্যের জমি; **পূর্ব**– অন্যের জমি; **পশ্চিম**– ৩ ফুট চওড়া রাস্তা। **[সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]**		ক) ₹২.২৬ কোটি খ) ₹০.২৩ কোটি গ) ₹১০,০০০.০০		

শর্ত ও নিয়মাবলি:
এই বিক্রি সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষ হবে:
১. সম্পত্তিগুলি 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হচ্ছে।
২. ওপরের তফসিলে প্রদত্ত সুরক্ষিত পরিসম্পদগুলির বিবরণ অনুমোদিত আধিকারিকের সর্বসেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হয়েছে। তবে এই ঘোষণাপত্রে কোনও প্রকার ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য অনুমোদিত আধিকারিক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবেন না।
৩. এই বিক্রি **২৮.০৯.২০২৬ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে https://www.baanknet.com** ওয়েবসাইটে দেওয়া ই–নিলাম প্ল্যাটফর্মে নিম্নস্বাক্ষরকারী দ্বারা আয়োজিত হবে।
৪. বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.baanknet.com** ওয়েবসাইট দেখুন।
৫. বিক্রির শর্ত ও নিয়মাবলি সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে আগ্রহী বিডারগণ অনুগ্রহপূর্বক এই ব্যক্তির সঙ্গে যোগাযোগ করবেন: **মিঃ এস বালাজি (চিফ ম্যানেজার), মোবাইল: ৯৮৩১৭ ৭৯৭৮০।**

সিকিউরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট অ্যামেন্ডমেন্ট রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯(১) অধীনে ৩০ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

তারিখ: ২১.০৮.২০২৬
স্থান: দুর্গাপুর

মিঃ এস বালাজি, চিফ ম্যানেজার ও অনুমোদিত আধিকারিক
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

সারফায়েসি অ্যাক্ট, ২০০২–এর রুল রুল ৮(৬) ও ৯(১) অধীনে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি